

আবার পিছিয়ে পড়ি

সুদীপ্ত দাস

চলো না এবার আমরা পিছিয়ে পড়ি।

কত তরিঘরি, কত হুড়োহুড়ি হল,
কত এলোমেলো, কত কি যে হয়ে গেল -
কত কিছু করে, এবার কি আর করি -
চলো না এবার আমরা পিছিয়ে পড়ি।

কত কত দিন, শুধু সাথিহীন ছিলাম,
কত আশা কত ভালোবাসা ভেঙে দিলাম -
শূন্য এ সব - এবার কি দিয়ে ভরি?
চলো না এবার আমরা পিছিয়ে পড়ি।।

চলো না আগের মত
ভুলে যাই কাজ যত -

শুধু খেলা আর খেলা,
শুধু হেলা আর ফেলা!!
পিছে পড়ে থাকা সেই সব কিছু খুঁজি -
কিছুটা সময় রয়েছে এখনও বুঝি।
পাগলামি সব আবার চলো না করি -
চলো না এবার আমরা পিছিয়ে পড়ি।।

এতটা এগিয়ে এসে
এসছি পথের শেষে,

অচেনা এখন সবই -

বসে বসে তাই ভাবি,

এত ছোট্টাছুটি, কাটাকাটি সবই মিছে -

না হয় যেতাম কিছুটা রয়েই পিছে।

হোক না আবার আমাদের হাতে খড়ি -

চলো না এবার আমরা পিছিয়ে পড়ি।।

বেঙ্গালোর

৭/৮/২০০৯